



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৪৩১২/২২৩

তারিখ: ২০-০৪-২০২৬ খ্রি.

বিষয়: বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন সন্ন্যাসী-পশুরবুনিয়া রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ রেজাউল আহসান-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র: (১) জনাব মোঃ রেজাউল আহসান-এর ০৯-০৩-২০২৬ খ্রি. তারিখের আবেদন।  
(২) মহামান্য হাইকোর্টের ০২-০৩-২০৬ তারিখের ১৯৮৯/২০২৬ নং রীট পিটিশনের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন সন্ন্যাসী-পশুরবুনিয়া রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ রেজাউল আহসান গত ০৯-০৩-২০২৬ তারিখে মহামান্য হাইকোর্ট এর ১৯৮৯/২০২৬ এর আদেশ মোতাবেক ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত প্রত্যাহারসহ পূর্ণ বেতন ভাতাদি প্রাপ্তির জন্য শিক্ষা বোর্ডে আবেদন দাখিল করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ও মহামান্য আদালতের ১৯৮৯/২০২৬ নং রীট পিটিশন আদেশ পর্যালোচনায় দেখা যায়, সহকারী প্রধান শিক্ষক জনাব মোঃ রেজাউল আহসানকে গত ০২-০৯-২০২৪ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করেন। পরবর্তীতে সহকারী প্রধান শিক্ষক মহামান্য আদালতে ১৯৮৯/২০২৬ নং রীট পিটিশন দায়ের করেন। রীট পিটিশনের আদেশে দেখা যায় মহামান্য আদালত ২৩-০২-২০২৬ খ্রি. তারিখে সহকারী প্রধান শিক্ষক জনাব রেজাউল আহসান-এর গত ০২-০৯-২০২৪ খ্রি. তারিখের বরখাস্তের পত্র ০৩ (তিন) মাসের জন্য স্থগিতের আদেশ প্রদান করেন। এমতাবস্থায়, মহামান্য আদালতের গত ২৩-০২-২০২৬ খ্রি. তারিখের আদেশ মোতাবেক সাময়িক বরখাস্তকৃত সহকারী প্রধান শিক্ষক জনাব রেজাউল আহসান-এর সাময়িক বরখাস্ত সংক্রান্ত পত্রটি স্থগিতপূর্বক ২৩-০৫-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত তাকে স্ব-পদে পুনর্বহাল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভাপতি

সন্ন্যাসী-পশুরবুনিয়া রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৫০২৯)

সন্ন্যাসী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত

(প্রফেসর ড. মোঃ কামরুজ্জামান)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর: ০২৪৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিপ-৬/৪৩১২/২২৩

তারিখ: ২০-০৪-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৭। জনাব মোঃ রেজাউল আহসান, সহকারী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)

সন্ন্যাসী-পশুরবুনিয়া রশিদিয়া মাধ্যমিক বিদ্যালয় (১১৫০২৯), সন্ন্যাসী, মোড়েলগঞ্জ, বাগেরহাট।

সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর